দৈনিক ইনকিলাব

তারিখ ... 20 SEP 1994
পৃষ্ঠা ১ কলাম ৫

12

# ২০টি পলিটেকনিক ১৭ দিন বন্ধ

।। ইনকিলাব রিপোর্ট ।।

বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতির ডাকে ৯ দফা দাবীতে অবিরাম কর্মবিরতির গতকাল ১৭তম দিন শেষ হলো। পলিটেকনিক শিক্ষা ব্যবস্থার সংকট দিন দিন আরো ঘনিভূত হচ্ছে। ইতোমধ্যে দেশের ২০টি পলিটেকনিকে স্বাভাবিক সেশনের ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। নতুন ভর্তিকৃত ছাত্রদের ক্লাস আগামী জানুয়ারী মাসে শুরু হবে বলে বলা হয়েছে। অথচ পলিটেকনিক শিক্ষকরা তাদের ন্যায়সংগত ৯ দফা দাবী আদায়ের জন্য ৩ সেপ্টেম্বর থেকে অবিরাম কর্মবিরতি পালন করে আসছে। শিক্ষকদের কর্মবিরতি অব্যাহত থাকলে

১১-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## পলিটেকনিক

প্রথম পৃষ্ঠার পর

নির্ধারিত সময়ে পলিটেকনিকের পরীক্ষা অনুষ্ঠান সম্ভব হবে না। আর পরীক্ষা যথাসময়ে অনুষ্ঠিত না হলে জানুয়ারী মাসে নতুন সেশনের ক্লাস শুরু করা সম্ভব হবে না। এ অবস্থায় ছাত্র-ছাত্রী, অভিভাবক মহল সকলেই চরম উদ্বেগ ও দুশ্চিন্তায় আছেন। পলিটেকনিক শিক্ষার মারাত্মক সংকট ও অচলাবস্থার আজ ১৭ দিনেও সরকারের পক্ষে সমস্যা দুরীকরণে কোন উদ্যোগ নেই।

এদিকে বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি ও কেন্দ্রীয় সংগ্রাম কমিটি ১৮ সেপ্টেম্বর রাতে এক জরুরী সভায় সরকারের এই নীরব ভূমিকার তীব্র নিন্দা ও ক্ষোভ জানানো হয়েছে। সেই সঙ্গে যারা দেশের পলিটেকনিক শিক্ষকদের ৯ দফা দাবী মেনে নিয়ে বাস্তবায়নের ঘোষণা না দেয়া পর্যন্ত অবিরাম কর্মবিরতি অব্যাহত রাখার আহ্বান জানানো হয়েছে। জরুরী সভায় পূর্ব ঘোষিত কর্মসূচী অনুযায়ী সংবাদ সম্মেলন অনিবার্য কারণবশতঃ আগামী ২৭ সেপ্টেম্বর '৯৪-এর পরিবর্তে ৩ অক্টোবর সোমবার জাতীয় প্রেস ক্লাবে করার ঘোষণা করা হয়েছে। এ ছাড়া পূর্ব ঘোষণা অনুযায়ী গণসংযোগ কার্যক্রম আরো ব্যাপকভাবে করার জন্য সকল শাখা কমিটির প্রতি আহ্বান জানানো হয়েছে।

সমিতির কেন্দ্রীয় সভাপতি খন্দকার শাহাবউদ্দিন মাহমুদ ও সাধারণ সম্পাদক মোঃ শামসুর রহমান এক বিবৃতির মাধ্যমে সরকারের প্রতি অবিলম্বে ২০টি পলিটেকনিক ও মনোটেকনিকে অতিরিক্ত/ডাবল শিফটে ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করে স্বাভাবিক ব্যাচের সাথে ক্লাস শুরুর নির্দেশ জারিসহ ৯ দফা দাবী মেনে নিয়ে অবিলম্বে বাস্তবায়নের নির্দেশ জারির মাধ্যমে পলিটেকনিক শিক্ষার অচলাবস্থা নিরসন করার জন্য আহ্বান জানিয়েছেন।